গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৭/২০১৮-২০১৯

ঢাকা, মঙ্গলবার ২৬ ফেব্রুয়ারি ২০১৯, ১৪ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে : ইউল্যাব'র সমাবর্তনে রাষ্ট্রপতি
২। আজ ঢাকায় শুরু হচ্ছে প্রবাসী প্রকৌশলীদের সম্মেলন : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৩। অঙ্গীকার অনুযায়ী কাজ করছে না মিয়ানমার : প্রধানমন্ত্রী
৪। চকবাজারের অগ্নিকাণ্ডে নিহতের স্মরণে রাষ্ট্রীয় শোক পালিত
৫। প্রধানমন্ত্রীর নির্দেশে কেমিক্যাল গোডাউন সরানো শুরু হয়েছে : সেতুমন্ত্রী
৬। আগামী ছয় মাসে সরানো হবে পুরান ঢাকার রাসায়নিকের গোডাউন : শিল্পমন্ত্রী
৭। পিলখানা দিবস পালিত : শহিদ সেনা কর্মকর্তাদের প্রতি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
৮। বিচারাধীন মামলা সাড়ে ৩৫ লাখ : সংসদে আইনমন্ত্রী
৯। ১০ বছরে শীর্ষ চার ধাপে ৭ হাজার কর্মকর্তার পদোন্নতি : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১০। মিঠা পানির বহু মাছ বিলুপ্তির পথে : সংসদে মৎস্য প্রতিমন্ত্রী
১১। আলু রফতানিতে সিআইপি'র সহায়তা চান কৃষিমন্ত্রী
১২। ২০২০ সালের মধ্যে শতভাগ ই-জিপি বাস্তবায়ন : পরিকল্পনামন্ত্রী
১৩। স্বাস্থ্যখাতে ডিজিটাল সেবায় গুরুত্ব দিয়েছে বাংলাদেশ : দিল্লিতে সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী
১৪। দেশের সব বিমানবন্দরে নিরাপত্তা জোরদারকরণ :
বিমান ছিনতাইয়ের ঘটনায় ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন
১৫। ডিএনসিসি উপনির্বাচনের জন্য আগামী ২৮ ফেব্রুয়ারি ঢাকা উত্তর সিটিতে সাধারণ ছুটি ঘোষণা

চলমান পাতা-২

**১। দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে : ইউল্যাব'র সমাবর্তনে রাষ্ট্রপতি**

একাডেমিক শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষার প্রতি গুরুত্বারোপ করে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের স্বার্থকে প্রাধান্য দেওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, দেশ ও জাতির স্বার্থকে সর্বাগ্রে বিবেচনা করবে। জীবনে কখনো মিথ্যা বা অন্যায়ের সঙ্গে আপস করবে না। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ইউনির্ভাসিটি অভ্ লিবারাল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)-এর ৫ম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১) **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

**২। আজ ঢাকায় শুরু হচ্ছে প্রবাসী প্রকৌশলীদের সম্মেলন : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

উন্নত দেশে কাজ করা প্রবাসী প্রকৌশলীদের অভিজ্ঞতা বাংলাদেশের উন্নয়নে কাজে লাগাতে এক সম্মেলন আজ (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকায় শুরু হচ্ছে। সম্মেলনে যুক্তরাষ্ট্র, কানাডা, জার্মানি, জাপান এবং দক্ষিণ কোরিয়াসহ বিশ্বের ৩০টি দেশে কমর্রত প্রায় ৩০০ প্রবাসী বাংলাদেশী প্রকৌশলী অংশ নেবেন। বাংলাদেশের উন্নয়ন ত্বরান্বিত করতে এ সম্মেলনের আয়োজন করা হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-ইআরডি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এবং ব্রিজ টু বাংলাদেশ (বিটুবি) এ সম্মেলনের আয়োজন করে। আজ (২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সকাল ১০টায় সোনারগাঁ হোটেলে 'কনভেনশন অভ্ এনআরবি ইঞ্জিনিয়ার্স' শীর্ষক দু'দিনের এ সম্মেলনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **সংবাদ** (পৃ.১৩,ক.১)।

**৩। অঙ্গীকার অনুযায়ী কাজ করছে না মিয়ানমার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার বিষয়ে মিয়ানমার বাংলাদেশের সঙ্গে করা অঙ্গীকার অনুযায়ী পদক্ষেপ নিচ্ছে না। প্রধানমন্ত্রী বলেন, আমরা রোহিঙ্গাদের প্রত্যাবাসনের বিষয়ে মিয়ানমারের সঙ্গে আলাপ-আলোচনা করে চুক্তি করেছিলাম। কিন্তু মিয়ানমার সরকার এ ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ করছে না। মুক্তিযুদ্ধে বাংলাদেশের বন্ধু সম্মাননা অর্জনকারী ড. পল কনেট ও এলেন কনেট গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

**৪। চকবাজারের অগ্নিকাণ্ডে নিহতের স্মরণে রাষ্ট্রীয় শোক পালিত**

রাজধানীর চকবাজারের চুড়িহাট্টার ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহতদের আত্মার শান্তি কামনা এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সহমর্মিতা জানাতে গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) রাষ্ট্রীয় শোক পালিত হয়। এ উপলক্ষে দেশের সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহে এবং বিদেশে বাংলাদেশে মিশনগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত থাকে। এদিকে অগ্নিকাণ্ডে হতাহতদের প্রতি শোক জানাতে গত ২৪ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদে শোক প্রস্তাব গ্রহণ করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৬), অবজারভার (পৃ.১,ক.১)।

**৫। প্রধানমন্ত্রীর নির্দেশে কেমিক্যাল গোডাউন সরানো শুরু হয়েছে : সেতুমন্ত্রী**

চকবাজারের ঘটনা নিয়ে আমরা দায় এড়াতে পারি না বলেই সরকারের কাজ সরকার করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী হতাহতদের বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে। সেই সঙ্গে পুরান ঢাকা থেকে ঝুকিপূর্ণ কেমিক্যাল সরানোর কাজ শুরু হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর ফার্মগেটে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রকল্পের (এমআরটি) লেন-৬ এর স্টিল স্ক্রু পাইল ড্রাইভিং কাজের উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৬। আগামী ছয় মাসে সরানো হবে পুরান ঢাকার রাসায়নিকের গোডাউন : শিল্পমন্ত্রী**

আগামী ছয় মাসের মধ্যে পুরান ঢাকা থেকে রাসায়নিক দ্রব্যের গোডাউন সরিয়ে দেওয়া হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) শিল্প মন্ত্রণালয় আয়োজিত চকবাজারের অগ্নিকাণ্ডের পরবর্তী করণীয় নির্ধারণে বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা ও ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকশেষে তিনি একথা জানান। তিনি বলেন, আবাসিক এলাকায় দাহ্য ও রাসায়নিক দ্রব্য থাকতে দেওয়া যাবে না। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে এটি সরানোর ব্যবস্থা নেওয়া হয়েছে। এক্ষেত্রে প্রচলিত নিয়মের কোনো তোয়াক্কা করা হবে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ফিনাশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**৭। পিলখানা দিবস পালিত : শহিদ সেনা কর্মকর্তাদের প্রতি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

যথাযোগ্য মর্যাদায় পালিত হলো পিলখানায় সেনাকর্মকর্তা হত্যাযজ্ঞ দিবস। রাজধানীর বনানী সামরিক কবরস্থানে শায়িত শহিদ সেনা কর্মকর্তাদের কবরে ফুল দিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে শ্রদ্ধা জানানো হয়। এরপর শ্রদ্ধা জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৮। বিচারাধীন মামলা সাড়ে ৩৫ লাখ : সংসদে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক সংসদকে জানিয়েছেন, বর্তমানে দেশে উচ্চ ও অধস্তন আদালতে সর্বমোট ৩৫ লাখ ৬৯ হাজার ৭৫০টি মামলা বিচারাধীন। এর মধ্যে ফৌজদারি মামলা ২০ লাখ ৪৮ হাজার ৬৭টি। বর্তমান সরকার মামলা জট কমানোকে চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বলেও জানান মন্ত্রী। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি একথা জানান। আইনমন্ত্রী জানান, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে ফৌজদারি বিচার ব্যবস্থায় অভূতপূর্ব উন্নয়ন সাধন করেছে। আইনমন্ত্রী জানান, সাতটি সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল সৃজন করা হয়েছে। এছাড়া সরকার নারী ও শিশু নির্যাতন অপরাধ সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তির জন্য সারাদেশে আরও ৪১টি ট্রাইব্যুনাল সৃজন করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)।

**৯। ১০ বছরে শীর্ষ চার ধাপে ৭ হাজার কর্মকর্তার পদোন্নতি : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

সরকারের টানা দশ বছরে জনপ্রশাসনের শীর্ষ চারটি পদে সাড়ে ৭ হাজার কর্মকর্তাকে পদোন্নতি দিয়েছে সরকার। সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিব এবং গ্রেড-১ থেকে গ্রেড-৩ পর্যন্ত উল্লেখিত পদোন্নতি দিয়েছে সরকার। এ পদগুলোতে কর্মকর্তারা সরকারের বিশেষ সুযোগ-সুবিধা পেয়ে থাকেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

**১০। মিঠা পানির বহু মাছ বিলুপ্তির পথে : সংসদে মৎস্য প্রতিমন্ত্রী**

মিঠা পানির বহু প্রজাতির মাছ বিলুপ্তির পথে। মিঠা পানির এ সমস্ত মাছকে রক্ষা করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে সংসদে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) সংসদ অধিবেশনে প্রতিমন্ত্রী জানান, মিঠা পানির মাছকে রক্ষা করার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় মৎস্য অধিদফতর কৌশলপত্র প্রণয়ন করেছে। মৎস্য প্রতিমন্ত্রী আরো জানান, মুক্ত জলাশয়ে বিগত ৫ বছরে ৫৩৪টি স্থায়ী ও অস্থায়ী অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮)।

**১১। আলু রফতানিতে সিআইপি'র সহায়তা চান কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক আলুর জাত উন্নয়ন, প্রক্রিয়াজাতকরণ ও রফতানির জন্য আন্তর্জাতিক আলু কেন্দ্রের (সিআইপি) সহায়তা চেয়েছেন। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) সচিবালয়ে সংস্থাটির দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সমন্বয়কারী ও কান্ট্রি ম্যানেজার ড. ইউএস সিংয়ের নেতৃত্বে একটি প্রতিনিধিদল কৃষিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি এ সহায়তার আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**১২। ২০২০ সালের মধ্যে শতভাগ ই-জিপি বাস্তবায়ন : পরিকল্পনামন্ত্রী**

২০২০ সালের মধ্যে সরকারি ক্রয়ের শতভাগই ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্টের (ই-জিপি) মাধ্যমে করা সম্ভব বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর ফার্মগেটে ডাটা ও উপাত্ত নিয়ে এক কর্মশালা শেষে এ তথ্য জানান মন্ত্রী। মন্ত্রী বলেন, সরকারি ক্রয়ে স্বচ্ছতা আনতে শতভাগ ই-জিপি বাস্তবায়ন করা দরকার। আশা করা হচ্ছে ২০২০ সালের মধ্যে এটি বাস্তবায়ন হবে। বর্তমান সরকারের বেশিরভাগ সংস্থাই ই-জিপি কার্যক্রমের আওতায় আসছে। বাকি সংস্থাগুলো এর মধ্যেই ই-জিপির আওতায় চলে আসবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

**১৩। স্বাস্থ্যখাতে ডিজিটাল সেবায় গুরুত্ব দিয়েছে বাংলাদেশ : দিল্লিতে সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সরকার সব নাগরিকের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে স্বাস্থ্যসেবাতে ডিজিটাল সেবা ব্যবহারে গুরুত্ব দিয়েছে। তিনি বলেন, ডিজিটাল স্বাস্থ্যসেবা স্থাপনে বিশাল বিনিয়োগ করা হয়েছে, কারণ আমাদের প্রধান অগ্রাধিকার স্বাস্থ্যখাতে এসডিজি অর্জন এবং শিশু ও মাতৃমৃত্যু হার হ্রাস নিশ্চিত করা। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) দিল্লির একটি হোটেলে চতুর্থ গ্লোবাল ডিজিটাল হেল্থ পার্টনারশিপ (ডিজিএইচপি) শীর্ষ সম্মেলনে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.৬)।

১৪। দেশের সব বিমানবন্দরে নিরাপত্তা জোরদারকরণ :
**বিমান ছিনতাইয়ের ঘটনায় ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন**

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ময়ূরপঙ্খী উড়োজাহাজ ছিনতাইয়ের চেষ্টার ঘটনার পরপরই ঢাকা-চট্টগ্রামসহ দেশের সব বিমানবন্দরের নিরাপত্তা জোরদার করা হয়েছে। নেওয়া হয়েছে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা। যাত্রীদের কয়েক ধাপে তল্লাশি করা হচ্ছে। যাত্রী ছাড়া কাউকে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না। বিমানবন্দরের নিরাপত্তায় মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ ও এপিবিএন সদস্য। বিজিবির ডগ স্কোয়াড টিমসহ র‍্যাব, পুলিশ ও এপিবিএনের অতিরিক্ত বিশেষ নিরাপত্তা টিম নিয়োগ করা হয়েছে। এদিকে বিমান ছিনতাইয়ের ঘটনার কারণ অনুসন্ধানে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়। আসল ঘটনা জানতে তদন্ত কমিটির প্রতিবেদনের অপেক্ষায় থাকার কথা জানান বিমান প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। গতকাল (২৫ ফেব্রুয়ারি সোমবার) শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সংবাদসম্মেলনে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১)।

**১৫। ডিএনসিসি উপনির্বাচনের জন্য আগামী ২৮ ফেব্রুয়ারি ঢাকা উত্তর সিটিতে সাধারণ ছুটি ঘোষণা**

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) মেয়র পদে উপনির্বাচন ও নতুন ১৮টি ওয়ার্ডে সাধারণ নির্বাচন উপলক্ষে আজ রাত ১২টার মধ্যে বহিরাগতদের নির্বাচনি এলাকা ছেড়ে যাওয়ার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচনের দিন আগামী ২৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ডিএনসিসিতে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এদিন উত্তর সিটি করপোরেশন এলাকায় কোনো অফিস খোলা থাকবে না। তবে পাবলিক পরীক্ষা থাকলে তা যথানিয়মেই অনুষ্ঠিত হবে। আগামী ২৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ঢাকা উত্তর সিটির মেয়র পদে উপনির্বাচন ও ঢাকার দুই সিটির সম্প্রসারিত ৩৬টি ওয়ার্ডে সাধারণ নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এ নির্বাচন উপলক্ষে যান চলাচলে বিধিনিষেধ আরোপ করা হচ্ছে। আজ মধ্যরাত থেকে ১ মার্চ সকাল পর্যন্ত মোটরসাইকেল চলাচল ও ভোটের দিন যান চলাচল বন্ধ থাকবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১)

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বরিশাল কুয়াকাটা মহাসড়কের বাকেরগঞ্জ বাসস্ট্যান্ড সংলগ্ন বেইলি ব্রিজটির ডেক প্লেট বা স্লিপার এক সপ্তাহ আগে ভেঙ্গে যাওয়ায় ঝুঁকি নিয়ে চলছে বিভিন্ন যানবাহন উল্লেখ করে সারাদেশের এ ধরনের ঝুঁকিপূর্ণ বেইলি ব্রিজগুলো স্থায়ী ও পাকা ব্রিজে রূপান্তরিত করার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, সংবাদ, এশিয়ান এজ, যুগান্তর, ভোরের কাগজ, যায়যায়দিন, ইনকিলাব, নিউ এজ, ডেইলি সান, এশিয়ান এজ, অবজারভার, নিউ নেশন :** ঢাকা থেকে দুবাইগামী বাংলাদেশ বিমানের ময়ূরপঙ্খী এয়ারক্রাফট ছিনতাইয়ের অপচেষ্টা ব্যর্থ হওয়ার খবর স্বস্তিদায়ক উল্লেখ করে এর সাথে সাথে দেশের বিমানবন্দরগুলোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পরামর্শ।

গ. **সংবাদ, বণিক বার্তা :** লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস সিলিন্ডার বিক্রি, ব্যবহার এবং রিফিলের কোনো স্তরেই নিয়মনীতি না মানায় দুর্বল মানের এবং মেয়াদোত্তীর্ণ গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে প্রায়ই দুর্ঘটনা ঘটছে উল্লেখ করে গ্যাস সিলিন্ডারের নিরাপদ ব্যবহার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** কোনো ধরনের বাধ্যবাধকতা ও নজরদারির অভাবে দেশজুড়ে চলছে অবাধ কেমিক্যাল ব্যবসা উল্লেখ করে কেমিক্যাল ও দাহ্য পদার্থ কেনাবেচা, পরিবহণ ও মজুদসংক্রান্ত কঠোর নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** সম্প্রতি পানিতে ডুবে শিশুমৃত্যুর ঘটনা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে এ ব্যাপারে অভিভাবকদের সচেতন হওয়ার আহ্বান।

চ. **নিউজ টুডে :** পলিথিন ব্যাগের ব্যবহার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নতুন প্রজন্মের ভবিষ্যৎ ভাবনাকে মেধা মননে সহায়ক পথে পরিচালিত করতে বই প্রকাশনার জগৎকে সৃষ্টিশীল, মননশীল ও জ্ঞান-বিজ্ঞানে উদ্ভাবনী ক্ষমতায় আকর্ষণ করার পথে অগ্রসর হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ভাষা বিকৃতি বন্ধ করতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশের ভিতর সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে বাংলাভাষা শক্তিশালী করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা